ঝিনাইদহে দুই দিনব্যাপী নাট্য কর্মশালার উদ্বোধন

‘সম্মুখে ছুটেছি বাঁধাহীন হয়ে, যুগের পৃষ্ঠে একেছি আমরা বিজয়ের পদচিহ্ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিনব্যাপী নাট্য কর্মশালা।

ঝিনাইদহের অংকুর নাট্য একাডেমীর আয়োজনে রোববার দুপুরে শহরের কুইন ফ্রেশক্যাফে মিলনায়তনে এ কর্মশালার উদ্বোধন করা হয়।

অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস’র পরিচালনায় আজীবন সদস্য জয়নাল আবেদীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ।

বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি এম রবিউল ইসলাম রবি, সুলতান আল একরাম, সহ-সাধারণ সম্পাদক কে এম সালেহ, দপ্তর সম্পাদক শাহানুর আলম, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক লোটাস রহমান সোহাগ, প্রচার সম্পাদক সাদ্দাম হোসেন, প্রেসক্লাবের সদস্য কাজী আলী আহম্মেদ লিকু, জাফর উদ্দিন রাজু, বসির আহমেদ।

আয়োজকরা জানায়, ২ দিনব্যাপী এই আয়োজনে ঝিনাইদহের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২৫ জন শিক্ষার্থীকে অভিনয় বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হবে। প্রশিক্ষণ প্রদাণ করবেন নাট্যকার ও নিদের্শক এইচ আর অনিকসহ স্থানীয় নাট্যজনরা।